

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে কৃতী শিক্ষার্থীদের অংশগ্রহণে ‘মিট আপ উইথ ভাইস-চ্যাপেলর’ অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) কৃতী শিক্ষার্থীদের নিয়ে ‘মিট আপ উইথ ভাইস-চ্যাপেলর’ শীর্ষক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১৮ ডিসেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাংলোয় ‘সেলিব্রেটিং একাডেমিক এক্সিলেন্স’ প্রতিপাদ্যকে সামনে রেখে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। নোবিপ্রবি রিসার্চ সেল আয়োজিত অনুষ্ঠানে ৩০টি বিভাগ ও ইনসিটিউটের স্নাতক ও স্নাতকোত্তরের চূড়ান্ত ফলাফলে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারী ১৮০ জন শিক্ষার্থী অংশ নেন।

অনুষ্ঠানে প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। প্রধান পৃষ্ঠপোষকের বক্তৃতায় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, বিশ্বের যেসব দেশ উন্নতি লাভ করেছে, মেধাবীদের হাত ধরেই তা অর্জিত হয়েছে। মেধার মূল্যায়ন করেছে বলেই তারা উন্নয়ন অর্জন করতে পেরেছে। তাই দেশকে এগিয়ে নিতে মেধার কদর করা ও মেধাবীদের সম্মান জানানো খুবই জরুরি। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের সামনের সারির ভালো ফলধারী শিক্ষার্থীদের সম্ভাষণ জানাতে আজকের এ আয়োজন। এ অনুষ্ঠানের মধ্যে দিয়ে আমি শিক্ষার্থীদের পাশাপাশি তাদের মা-বাবাকে শ্রদ্ধা ও সম্মান জানাতে চাই, যাদের অক্লান্ত পরিশ্রম ও ত্যাগ-তিতিক্ষায় সম্মানদের আজকের এ অর্জন।

শিক্ষার্থীদের উদ্দেশে উপাচার্য আরো বলেন, তোমাদের অর্জনের জন্য অভিনন্দন ও শুভেচ্ছা জানাই। বিশ্ববিদ্যালয়ের ধারাবাহিকতায় কর্মক্ষেত্রে গিয়েও তোমরা সফলতার স্বাক্ষর রাখবে, এমনটাই প্রত্যাশা। পড়ালেখা শেষ হলেও নিজেকে বিশ্ববিদ্যালয় পরিবারের বাইরে মনে করো না। বিশ্ববিদ্যালয়ের সঙ্গে এর শিক্ষার্থীদের সম্পর্ক অশেষ ও সর্বজনীন। আমরা কেন্দ্রীয়ভাবে ও বিভাগ পর্যায়ে অ্যালামনাই গঠনের উদ্যোগ নিয়েছি। অ্যালামনাই প্ল্যাটফর্মের মাধ্যমে তোমরা বিশ্ববিদ্যালয়ের অগ্রযাত্রাকে বেগবান করতে সম্মিলিতভাবে সহযোগিতা করবে, সেই আশাবাদ ব্যক্ত করছি।

সম্মানিত অতিথি ছিলেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) উপাচার্য অধ্যাপক ড. মোঃ হায়দার আলী। অনুষ্ঠানে কুবি উপাচার্য অধ্যাপক ড. মোঃ হায়দার আলী বলেন, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আজকের এ অনুষ্ঠান খুবই ব্যতিক্রমধর্মী আয়োজন। এর মাধ্যমে মেধা ও জ্ঞানচর্চার প্রতি সম্মান জানানো হয়েছে। এতে শিক্ষার্থীরা শিক্ষা ও গবেষণা কার্যক্রমে আরা বেশি উৎসাহিত হবে। আজকে যাদের উদ্দেশ্যে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে, তারা বিশ্বব্যাপী ছড়িয়ে পড়ে এ বিশ্ববিদ্যালয়ের অ্যাস্বাসেডর হিসেবে ভূমিকা রাখবে।

রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন নোবিপ্রবির উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ, পুলিশ ট্রেনিং সেন্টার, নোয়াখালী এর কমান্ড্যুন্ট (ডিআইজি) মোঃ হায়দার আলী খান, বিপিএম, নোয়াখালী জেলা পুলিশ সুপার মোঃ আব্দুল্লাহ-আল-ফারুক, নোয়াখালীর অতিবিক্ষিত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জিনাত রেহানা, নোয়াখালী সড়ক সার্কেলের সুপারিনিটেডেন্ট ইঞ্জিনিয়ার রানা প্রিয় বড়ুয়া, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, নোয়াখালী এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী শেখ ফিরোজ কবির। শিক্ষা প্রশাসন বিভাগের চেয়ারম্যান জি এম রাকিবুল ইসলামের সঞ্চালনায় বিজ্ঞান অনুষ্ঠানের ডিন অধ্যাপক ড. আতিকুর রহমান ভূণ্ণা, রেজিস্ট্রার (চলতি দায়িত্ব) মোহাম্মদ তামিজিদ হোছাইন টোধুরী ও ইংরেজি বিভাগের চেয়ারম্যান ড. শিরিন আকতার শুভেচ্ছা বক্তব্য রাখেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩০৯৯৮৮৯৪